



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৮৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।

সমন্বয় বিভাগ

www.badc.gov.bd

স্মারক নং- ১২.০৬.০০০০.২০৯.০৬.০০২.১৮-৩২৭

তারিখ: ২৪ আগস্ট ১৪২৬ বঙ্গাব্দ।
০৯ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ বিএডিসি'র ৫৮ তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে ২য় ফলোআপ সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর সম্মেলন কক্ষে বিএডিসি'র ৫৮ তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে ২য় ফলোআপ সভা বিগত ০৭ অক্টোবর ২০১৯ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

মোঃ শাহিন মিয়া

উপপরিচালক

সমন্বয় বিভাগ, বিএডিসি, ঢাকা।

ফোনঃ ৯৫৬৮১১৫।

e-mail: ds_coordination@badc.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সদস্য পরিচালক (অর্থ/সার ব্যবস্থাপনা/বীজ ও উদ্যান /ক্ষুদ্রসেচ), বিএডিসি, ঢাকা।
০২. সচিব, বিএডিসি, ঢাকা।
০৩. জনাব মোঃ নূরনবী সরদার, মহাব্যবস্থাপক (বীজ), বিএডিসি, ঢাকা।
০৪. জনাব মুহাম্মদ আজহারুল ইসলাম, মহাব্যবস্থাপক (উদ্যান), বিএডিসি, ঢাকা।
০৫. জনাব মোঃ ফারুক জাহিদুল হক, মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা), বিএডিসি, ঢাকা।
০৬. জনাব মোঃ ফেরদৌসুর রহমান, প্রধান প্রকৌশলী (নির্মাণ), বিএডিসি, ঢাকা।
০৭. জনাব মোঃ জিয়াউল হক, প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ), বিএডিসি, ঢাকা।
০৮. জনাব মোঃ লুৎফর রহমান, প্রধান প্রকৌশলী (সওকা), বিএডিসি, ঢাকা।
০৯. জনাব মোঃ আলমগীর মিয়া, মহাব্যবস্থাপক (পাটবীজ), বিএডিসি, ঢাকা।
১০. জনাব মোঃ কামরুল হাসান, মহাব্যবস্থাপক (অর্থ), বিএডিসি, ঢাকা।
১১. ড. মোঃ রেজাউল করিম, যুগ্মপরিচালক ও প্রধান সমন্বয়কারী, গবেষণা সেল, বিএডিসি, ঢাকা।
১২. জনাব মাসুদ আহমেদ, ব্যবস্থাপক (উদ্যান), বিএডিসি, ঢাকা।
১৩. ডা. আফরোজা খানম, প্রধান চিকিৎসক, বিএডিসি, ঢাকা।
১৪. জনাব মোঃ জুলফিকার আলী, জনসংযোগ কর্মকর্তা, বিএডিসি, ঢাকা।
১৫. জনাব মোহাম্মদ জাকিরুল ইসলাম, যুগ্মপরিচালক (সাং পরিঃ), বিএডিসি, ঢাকা।
১৬. জনাব এ কে এম ইউসুফ হারুন, উপপরিচালক (সবজি বীজ), বিএডিসি, গাবতলী, ঢাকা।
১৭. জনাব মোঃ মুকসুদ আলম খান (মুকুট), উপপরিচালক (বীবি), ঢাকা অঞ্চল, সেচ ভবন, ঢাকা।
১৮. জনাব মোহাম্মদ ওয়াহিদুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী (সওকা), সেচ ভবন, বিএডিসি, ঢাকা।

১৯. জনাব সৈয়দ ওয়াহিদ মুরাদ, সহকারী প্রধান প্রকৌশলী (নির্মাণ), বিএডিসি, ঢাকা।
২০. ডা. ইন্দো সরকার, মেডিকেল অফিসার, বিএডিসি, ঢাকা।
২১. জনাব মোঃ দেওয়ান জালাল উদ্দিন, সভাপতি, বিএডিসি শ্রমিক কর্মচারী লীগ (সিবিএ), কৃষি ভবন, ঢাকা।
২২. জনাব মোঃ জাকির হোসেন চৌধুরী, সাধারণ সম্পাদক, বিএডিসি শ্রমিক কর্মচারী লীগ (সিবিএ), কৃষি ভবন, ঢাকা।
২৩.

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

০১. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিএডিসি, ঢাকা।
০২. কম্পিউটার প্রোগ্রামার, আইসিটি সেল, মনিটরিং বিভাগ, বিএডিসি, কৃষি ভবন, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
০৩. অফিস কপি।



বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)

কৃষি ভবন

৮৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা ১০০০।

সমস্য বিভাগ

www.badc.gov.bd

বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)'র ৫৮ তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে ২য় ফলোআপ সভার কার্যবিবরণীঃ

সভাপতি	: জনাব মোঃ সায়েদুল ইসলাম, চেয়ারম্যান, বিএডিসি।
তারিখ ও সময়	: ০৭ অক্টোবর ২০১৯; দুপুর ১২:০০ ঘটিকা।
স্থান	: সংস্থার সম্মেলন কক্ষ।
উপস্থিতি	: পরিশিষ্ট - ক।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার প্রথমে সভাপতি পরিমিত ব্যয়, অত্যন্ত সুন্দর পরিবেশ এবং সুপরিকল্পিতভাবে বিএডিসি'র ৫৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপনের জন্য সকল উপকমিটির আহবায়ক, সদস্য-সচিব ও সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। সভাপতি বিএডিসি'র ৫৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে গঠিত বিভিন্ন উপকমিটির আহবায়ক ও সদস্য-সচিবগণকে গৃহীত প্রস্তুতি/কর্মপরিকল্পনা উপস্থাপনের আহবান জানান।

০২. সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে বিভিন্ন উপকমিটির আহবায়ক ও সদস্য-সচিবগণ নিম্নোক্তভাবে গৃহীত প্রস্তুতি/কর্মপরিকল্পনা উপস্থাপন করেন।

ক্র.নং	উপকমিটির নাম	অঙ্গগতি/বিবরণ
০১.	অভ্যর্থনা উপকমিটি	অভ্যর্থনা কমিটির আহবায়ক জনাব আব্দুল লতিফ মোল্লা ও সচিব, বিএডিসি সভায় জানান যে, কমিটির সকল সদস্যদের উপস্থিতিতে একাধিকবার সভা করা হয়েছে এবং ইতোমধ্যে প্রধান অতিথি, বিশেষ অতিথি ও অন্যান্য আমন্ত্রিত অতিথিদের অভ্যর্থনা জানানোর নিমিত্ত প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। উক্ত কমিটির সদস্য-সচিব জনাব মোহাম্মদ জাকিরুল ইসলাম ও যুগ্মপরিচালক (সাঃ পরিঃ) সভাকে অবহিত করেন যে, সম্মানিত প্রধান অতিথি, বিশেষ অতিথি ও অন্যান্য আমন্ত্রিত অতিথিদের অভ্যর্থনা জানানোর নিমিত্ত প্রয়োজনীয় বাজেট ইতোমধ্যে অর্থ কমিটির নিকট উপস্থাপন করা হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় সকল প্রস্তুতি সম্পন্ন করা হবে মর্মে কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন। সভাপতি আমন্ত্রিত সকল অতিথিদের ফুল দিয়ে শুভেচ্ছা জানানোর জন্য সংশ্লিষ্ট কমিটিকে নির্দেশনা প্রদান করেন। আমন্ত্রিত সকল অতিথিদের ফুল দিয়ে শুভেচ্ছা জানানোর জন্য নিমিত্ত প্রয়োজনীয় ফুল বিএডিসি'র উদ্যান উন্নয়ন বিভাগকে সরবরাহ করতে হবে। আমন্ত্রিত অধিবিধিগণ সেমিনার হলে আসন গ্রহণের পর ফুল দিয়ে বরণ করা বিষয়ে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হলো।
০২.	সাজসজ্জা ও মিলনায়তন উপকমিটি	সাজসজ্জা ও মিলনায়তন উপকমিটির আহবায়ক জনাব মোঃ ফেরদৌসুর রহমান ও প্রধান প্রকৌশলী (নির্মাণ) সভায় জানান যে, কমিটির সদস্যদের নিয়ে বিগত ১৭/০৯/২০১৯ তারিখে একটি সভা করা হয়েছে। কৃষি ভবনের বাহিরে ও অভ্যন্তরে সার্বিক সাজসজ্জার জন্য প্রয়োজনীয় উদ্যোগ ইতোমধ্যে গ্রহণ করা হয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় বাজেট অর্থ কমিটির নিকট উপস্থাপন করা হয়েছে। উক্ত কমিটির সদস্য-

৪

৫

ক্র.নং	উপকমিটির নাম	অগ্রগতি/বিবরণ
		সচিব জনাব মোঃ মুকসুদ আলম খান (মুকুট) ও উপপরিচালক (বীবি), ঢাকা অঞ্চল সভাকে অবহিত করেন যে, আগামী ১৩ অক্টোবর ২০১৯ তারিখে কৃষি ভবনের সম্মুখে ছোট মঞ্চ, আলোকসজ্জা, পতাকা শোভিত এবং বিভিন্ন বুকলেট স্থাপন করা হবে। এ ছাড়া সদস্য-সচিব সভায় জানান যে, মাননীয় প্রধান অতিথি কর্তৃক পায়রা ও বেলন উড়িয়ে প্রতিষ্ঠাবার্ষিকী উদ্বোধনের কার্যক্রম শুরু করা হবে।
০৩.	বঙ্গবন্ধুর মুরাল স্থাপন, কৃষি ভবন মেরামত ও সংস্কার উপকমিটি	বঙ্গবন্ধুর মুরাল স্থাপন, কৃষি ভবন মেরামত ও সংস্কার উপকমিটির আহবায়ক জনাব মোঃ ফেরদৌসুর রহমান ও প্রধান প্রকৌশলী (নির্মাণ) সভায় জানান যে, কমিটির সদস্যদের নিয়ে বিগত ১৭/০৯/২০১৯ তারিখ ও ২৪/০৯/২০১৯ তারিখে মোট দুইটি সভা করা হয়েছে। কৃষি ভবনের সংশ্লিষ্ট স্থাপনাসমূহ মেরামত/সংস্কার করা হচ্ছে। নির্ধারিত সময়ের মধ্যে কৃষি ভবনে প্রয়োজনীয় মেরামত ও সংস্কার কাজ সম্পন্ন করা হবে। সভাপতি কৃষি ভবনে মাননীয় প্রধান অতিথি কর্তৃক বঙ্গবন্ধুর মুরাল উদ্বোধনের পর মুনাজাত পরিচালনা করার জন্য ড. মোঃ রেজাউল করিম, যুগ্মপরিচালক, বিএডিসিকে নির্দেশনা প্রদান করেন। এ ছাড়া সভাপতি বঙ্গবন্ধুর মুরালে ফুল দেয়ার নিমিত্ত প্রয়োজনীয় প্রস্তুতি যথাসময়ে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট কমিটিকে নির্দেশনা প্রদান করেন।
০৪.	বঙ্গবন্ধু কর্ণার উদ্বোধন উপকমিটি	বঙ্গবন্ধু কর্ণার উদ্বোধন উপকমিটির আহবায়ক জনাব মুহাম্মদ আজহারুল ইসলাম ও মহাব্যবস্থাপক (উদ্যান) সভায় জানান যে, উপকমিটির সদস্যদের উপস্থিতিতে বিগত ১২/০৯/২০১৯ তারিখে একটি সভা করা হয়েছে। উক্ত উপকমিটিতে আরো চার জন সদস্যকে কো-অপ্ট করা হয়েছে। উক্ত কমিটির সদস্য-সচিব জনাব মোঃ জুলফিকার আলী ও জনসংযোগ কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, বঙ্গবন্ধু কর্ণার উদ্বোধন এর নিমিত্ত ইতোমধ্যে প্রয়োজনীয় প্রস্তুতি সম্পন্ন করা হয়েছে। সভাপতি বঙ্গবন্ধু কর্ণারে একটি পরিদর্শন বই রাখার জন্য নির্দেশনা প্রদান করেন।
০৫.	প্রচার ও স্মরণিকা প্রকাশনা উপকমিটি	প্রচার ও স্মরণিকা প্রকাশনা উপকমিটির আহবায়ক জনাব মুহাম্মদ আজহারুল ইসলাম সভায় জানান যে, কমিটির সদস্যদের উপস্থিতিতে বিগত ১২/০৯/২০১৯ তারিখ ও ২৪/০৯/২০১৯ তারিখে দুটি সভা করা হয়েছে। প্রচার ও স্মরণিকা প্রকাশনা উপকমিটির কার্যপরিধি মোতাবেক যথাযথ কার্যক্রম অব্যাহত রয়েছে। উক্ত কমিটির আহবায়ক সভায় আরো জনান যে, স্মরণিকাতে বিজ্ঞাপন দেয়ার জন্য ইতোমধ্যে এসিআইসহ বিভিন্ন কোম্পানিতে যোগাযোগ অব্যাহত রয়েছে। এ পর্যন্ত মোট দশটি লেখা পাওয়া গেছে। উক্ত কমিটির আহবায়ক সভায় আরো জানান যে, বাণী সংগ্রহের কাজ চলছে। বাণীসমূহ পাওয়া গেলে স্মরণিকা চূড়ান্ত করা হবে। বিএডিসি'র ৫৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে যথাসময়ে স্মরণিকা প্রকাশ করা হবে মর্মে কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন।
০৬.	সেমিনার/কর্মশালা উপকমিটি	সেমিনার/কর্মশালা উপকমিটির আহবায়ক জনাব মোঃ লুৎফর রহমান ও প্রধান প্রকৌশলী (সওকা) সভায় জানান যে, কমিটির সদস্যদের নিয়ে একাধিকবার সভা করা হয়েছে। ইতোমধ্যে একটি সেমিনার পেপার প্রস্তুত করা হয়েছে।
০৭.	মেলা ও প্রদর্শনী উপকমিটি	মেলা ও প্রদর্শনী উপকমিটির আহবায়ক জনাব মোঃ নূরনবী সরদার ও মহাব্যবস্থাপক (বীজ) সভায় জানান যে, কমিটির সদস্যদের উপস্থিতিতে বিগত ১৬/০৯/২০১৯ তারিখ ও ২২/০৯/২০১৯ তারিখে প্রস্তুতিমূলক সভা করা হয়েছে এবং প্রয়োজনীয় প্রস্তুতি ইতোমধ্যে গ্রহণ করা হয়েছে। উক্ত কমিটির আহবায়ক সভায় জানান যে, মেলা ও প্রদর্শনী উপকমিটির সদস্য-সচিব জনাব মোহাম্মদ ওয়াহিদুল ইসলাম, নিবাহী প্রকৌশলী

ক্র.নং	উপকমিটির নাম	অগ্রগতি/বিবরণ
		(সওকা), ঢাকা সার্কেল বিদেশে অবস্থান করছেন। জনাব মোহাম্মদ ওয়াহিদুল ইসলাম বিদেশে অবস্থান করায় তার পরিবর্তে সভাপতি জনাব মোস্তাফা সালাম, যুগ্মপরিচালক(সেবজি)কে উক্ত কমিটির সদস্য-সচিব করার নির্দেশনা প্রদান করেন। আগামী ১৩ অক্টোবর ২০১৯ তারিখ অনুষ্ঠিতব্য মেলায় বীজ ও উদ্যান উইং ড. মোঃ রেজাউল করিম, যুগ্মপরিচালক ও ড. মোঃ মাহবুব হোসেন, উপব্যবস্থাপক (বীবি), বিএডিসি এবং ক্ষুদ্রসেচ উইং হতে জনাব মারিয়া বেগম, সহকারী প্রধান প্রকৌশলী (মিশু) ও জনাব তমাল দাস, সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) মোট চারজন কর্মকর্তাকে দায়িত্ব প্রদানের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।
০৮.	আপ্যায়ন উপকমিটি	আপ্যায়ন উপকমিটির আহবায়ক জনাব মোঃ আলমগীর মিয়া ও মহাব্যবস্থাপক (পাট বীজ) সভায় জনান যে, কমিটির সদস্যদের নিয়ে একাধিকবার সভা করা হয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় বাজেট অর্থ উপকমিটির নিকট উপস্থাপন করা হয়েছে। উক্ত কমিটির সদস্য-সচিব জনাব এ কে এম ইউসুফ হারুন ও উপপরিচালক (সেবজি বীজ), ঢাকা সভাকে অবহিত করেন যে, মানসম্মত আপ্যায়নের নিমিত্ত খসড়া মেনু প্রস্তুত করা হয়েছে। নির্ধারিত সময়ের মধ্যে সকল প্রস্তুতি সম্পর্ক করা হবে মর্মে সদস্য-সচিব সভাকে অবহিত করেন।
০৯.	চিকিৎসা উপকমিটি	চিকিৎসা উপকমিটির আহবায়ক ডা. আফরোজা খানম সভায় জানান যে, কমিটির সকল সদস্যের উপস্থিতিতে একাধিকবার সভা করা হয়েছে। চিকিৎসা সংক্রান্ত ঘাবতীয় প্রস্তুতি ইতোমধ্যে গ্রহণ করা হয়েছে। চিকিৎসা উপকমিটির আহবায়ক আগামী ১৩ অক্টোবর ২০১৯ তারিখ একটি মাইক্রোবাস এ্যাম্বুলেন্স হিসেবে ব্যবহারের জন্য সার্বক্ষণিক প্রস্তুত রাখার জন্য সাধারণ পরিচর্যা বিভাগকে অনুরোধ করেন।
১০.	নিরাপত্তা স্বেচ্ছাসেবক উপকমিটি	৩ নিরাপত্তা ও স্বেচ্ছাসেবক উপকমিটির আহবায়ক জনাব মোঃ ফারুক জাহিদুল হক ও মহাব্যবস্থাপক (সার ব্যবস্থাপনা) সভায় জানান যে, কমিটির সদস্যদের নিয়ে একাধিক বার প্রস্তুতিমূলক সভা করা হয়েছে এবং প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। কমিটির সদস্য-সচিব জনাব মোহাম্মদ জাকিরুল ইসলাম ও যুগ্মপরিচালক (সাঃ পরিঃ) সভায় অবহিত করেন যে, আগামী ১৩ অক্টোবর ২০১৯ তারিখ সারাদিন ব্যাপী স্বেচ্ছাসেবক হিসাবে দায়িত্ব পালনের জন্য বিভিন্ন বিভাগ হতে একজন করে কর্মকর্তা ও কর্মচারী মনোনয়ন চাওয়া হয়েছে। সদস্য-সচিব সভায় আরো জানান যে, আগামী ১৩ অক্টোবর ২০১৯ তারিখ সকল স্বেচ্ছা সেবককে একটি করে ব্যাজ সরবরাহ করা হবে। সদস্য-সচিব সভায় আরো জানান যে, আগামী ১৩ অক্টোবর ২০১৯ তারিখ বিএডিসি'র সকল কর্মকর্তা ও কর্মচারীদে আইডি কার্ড পরিধানের আহবান জানান। সভাপতি আগামী ১৩ অক্টোবর ২০১৯ তারিখ বিএডিসি'র সকল কর্মকর্তা ও কর্মচারীদে আইডি কার্ড পরিধানের জন্য নির্দেশনা প্রদান করেন।
১১.	সাংস্কৃতিক উপকমিটি	সাংস্কৃতিক উপকমিটির আহবায়ক জনাব আব্দুল লতিফ মোল্লা, সচিব, বিএডিসি সভায় জানান যে, বিএডিসি'র প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে কমিটির সদস্যদের নিয়ে একাধিক বার সভা করা হয়েছে এবং একটি ঘন্টা ব্যাপী একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের রূপরেখা প্রণয়ন করা হয়েছে। উক্ত কমিটির সদস্য-সচিব জনাব মাসুদ আহমেদ, ব্যবস্থাপক (উদ্যান) সভায় জানান যে, প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষ্যে একটি থিমসং ইতোমধ্যে চূড়ান্ত করা হয়েছে এবং গন্তীরাসহ অন্যান্য সাংস্কৃতিক কর্মকাণ্ডের রিহার্সল চলমান রয়েছে। সভায় সংশ্লিষ্ট কমিটি কর্তৃক প্রণীত থিমসংটি পরিবেশন করা হয়। সভাপতি থিমসং প্রণয়নকারী বিশেষভাবে ধন্যবাদ জানান।

ক্র.নং	উপকমিটির নাম	অগ্রগতি/বিবরণ
১২.	অর্থ উপকমিটি	অর্থ উপকমিটির আহবায়ক জনাব মোঃ জিয়াউল হক, প্রধান প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) সভায় জানান যে, কমিটির সদস্যদের নিয়ে বিগত ১৮/০৯/২০১৯ ও ২০/০৯/২০১৯ তারিখে সভা করা হয়েছে। বিভিন্ন উপকমিটির প্রয়োজনীয় বাজেট পাওয়া গেছে। উপকমিটিসমূহকে চাহিদা মাফিক প্রয়োজনীয় বাজেট প্রদান করা হয়েছে।

০৩. পরিশেষে বিস্তারিত আলোচনার পর আগামী ১৩ অক্টোবর ২০১৯ তারিখ বিএডিসি'র ৫৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক. বিএডিসি'র ৫৮তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে প্রয়োজনীয় সকল প্রস্তুতি আবশ্যিকভাবে ১১ অক্টোবর ২০১৯ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

খ. আমন্ত্রিত সকল অতিথিদের ফুল দিয়ে শুভেচ্ছা জানানোর জন্য মহাব্যবস্থাপক (উদ্যান) প্রয়োজনীয় ফুল সরবরাহ করবেন।

গ. প্রধান অতিথি কর্তৃক বঙ্গবন্ধুর মুরাল উদ্বোধনের পর ড. মোঃ রেজাউল করিম, যুগ্মপরিচালক, বিএডিসি মোনাজাত পরিচালনা করবেন।

ঘ. জনসংযোগ কর্মকর্তা, বঙ্গবন্ধু কর্ণারে একটি সুন্দর বাঁধানো পরিদর্শন বই রাখবেন।

ঙ. জনাব মোস্তফা সালাম, যুগ্মপরিচালক (সবজি বীজ) মেলা ও প্রদর্শনী উপকমিটির সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করবেন।

চ. বিএডিসি'র সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীগণ আগামী ১৩ অক্টোবর ২০১৯ তারিখ আবশ্যিকভাবে আইডি কার্ড পরিধান করবেন।


ছ. অনুষ্ঠিতব্য মেলায় বীজ ও উদ্যান উইঁ হতে ড. মোঃ রেজাউল করিম, যুগ্মপরিচালক, বিএডিসি এবং ড. মোঃ মাহবুবুর রহমান, উপব্যবস্থাপক (বীবি), ক্ষুদ্রসেচ উইঁ হতে জনাব মারিয়া বেগম, সহকারী প্রধান প্রকৌশলী (মিশু) ও জনাব তমাল দাস, সহকারী প্রকৌশলী (সওকা), ঢাকা সার্কেল সার্বিক দায়িত্ব পালন করবেন।

জ. যুগ্মপরিচালক (সাধারণ পরিচর্যা) আগামী ১২ অক্টোবর ২০১৯ তারিখ হতে মেলার সার্বিক নিরাপত্তা নিশ্চিত করবেন।

ঝ. বিএডিসি'র সকল ধানবাহন কৃষি ভবনের সম্মুখে পার্কিং করা যাবে না। এ বিষয়ে যুগ্মপরিচালক (সাধারণ পরিচর্যা) প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

ঝঃ. বিএডিসি'র প্রতিষ্ঠাবার্ষিকী, বঙ্গবন্ধুর মুরাল, ডিজিটাল গেট ও বঙ্গবন্ধু কর্ণার উদ্বোধন এবং অন্যান্য কার্যক্রম জনাব মোঃ মুকসুদ আলম খান (মুকুট), উপপরিচালক (বীবি), ঢাকা অঞ্চল মাইকে ঘোষণা করবেন।

০৪. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



(মোঃ সায়েদুল ইসলাম)

চেয়ারম্যান, বিএডিসি

ও

উপদেষ্টা

বিএডিসি'র ৫৮ তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন কমিটি।